

**প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় পিএইচডি বৃত্তি বিজ্ঞপ্তি**

নথি নং-০৩.০০.২৬৯০.০৭৪.০০.০০১.২০২৪-২৬;

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ  
০২ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ

গবেষণা ও জাতীয় চাহিদার ভিত্তিতে উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী “প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল” থেকে প্রতি বছর গবেষকদের বৃত্তি প্রদান করা হয়ে থাকে। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালের জন্য বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০২৪ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান হতে নীতিমালায় উল্লিখিত বিষয়সমূহে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যথাঃ (ক) অর্থনীতি/সামাজিক বিজ্ঞান; (খ) জীব বিজ্ঞান; (গ) ফার্মেসী, চিকিৎসা বিজ্ঞান ও কমিউনিটি মেডিসিন; (ঘ) ভৌত বিজ্ঞান; (ঙ) প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান; (চ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি; (ছ) খাদ্য, কৃষি ও সমুদ্র বিজ্ঞান; (জ) কলা/মানবিক; (ঝ) বাণিজ্য; (ঞ) আইন; (ট) জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান এবং (ঠ) মহাকাশ বিজ্ঞান।

৩। **অনুচ্ছেদ-২ এ বর্ণিত বিষয়সমূহের অধীনে আশ্রয়ণ প্রকল্প, ডিজিটাল বাংলাদেশ, স্মার্ট বাংলাদেশ, নারী উন্নয়নসহ সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগসমূহের বাস্তবায়নের প্রেক্ষাপটে বাংলাদেশের আর্থ-সামাজিক পরিস্থিতির উপর প্রভাব সংশ্লিষ্ট গবেষণাকে উৎসাহিত করা হবে।**

০৪। পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে আবেদনকারীকে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণি/ন্যূনতম সিজিপিএ ৩.৫ (৪-এর মধ্যে) উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে স্ব-উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী ভর্তি থাকতে হবে বা ভর্তির জন্য নিশ্চয়তা পত্র (Letter of Acceptance) সংগ্রহ করতে হবে। ২০২৪ সাল থেকে শুরু হয়েছে এমন কোর্সে ভর্তি হয়েছেন বা ভর্তির নিশ্চয়তা পেয়েছেন এমন পিএইচডি কোর্সের গবেষকগণই কেবলমাত্র বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০৫। আবেদনকারীর বয়সসীমা **অনুর্ধ্ব ৪৫ বছর**। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে।

০৬। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালায় উল্লিখিত হারে ও মেয়াদ অনুসারে বৃত্তি প্রদান করা হবে। গবেষকগণের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত টিউশন ফি পরিশোধ করা হবে। এছাড়া উপাত্ত সংগ্রহ, বই-পুস্তক ক্রয় ও মুদ্রণ/কম্পিউটার কম্পোজের জন্য প্রত্যেক গবেষককে এককালীন অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্বাবধায়ককে গবেষণা কার্য সমাপ্তির পর এককালীন সম্মানী প্রদান করা হবে। সহতত্ত্বাবধায়ক থাকলে তাকেও এককালীন সম্মানী ভাতা প্রদান করা হবে।

০৭। প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালা বাস্তবায়ন কমিটি বৃত্তি প্রদানের ক্ষেত্রে এই নীতিমালায় উল্লিখিত আর্থিক সুবিধাদিসহ যেকোন শর্ত সংশোধন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

০৮। প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইট ([www.pmo.gov.bd](http://www.pmo.gov.bd) এবং [www.shed.gov.bd](http://www.shed.gov.bd)) হতে নীতিমালা এবং আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে। এছাড়াও নীতিমালা এবং আবেদনপত্রের ফরম সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, আণবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল এর রেজিস্ট্রারের কার্যালয় হতে সংগ্রহ এবং ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

০৯। আবেদনকারীকে সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ও মার্কশীটসমূহের সত্যায়িত কপি সহ আবেদনপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে **৩১/০৩/২০২৪** খ্রি. তারিখের মধ্যে নিম্নের ঠিকানায় প্রেরণ করতে হবে। খামের উপরে আবশ্যিকভাবে **‘প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় পিএইচডি বৃত্তির আবেদন’** উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকার প্রদানকালে প্রদর্শন করতে হবে। এ বৃত্তি সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে নিম্নবর্ণিত নম্বরে (অফিস চলাকালে সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে।

**আবেদন জমা প্রদানের ঠিকানা**  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)  
কক্ষ নং-২০৬  
প্রশাসনিক ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

*Taif*  
১৫/০২/২০২৪  
মীর তায়েফা সিদ্দিকা)  
পরিচালক -৭  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
ফোনঃ ৫৫০২৯৪২৭

E-mail-dir7@pmo.gov.bd